আমদহ ইউপি নির্বাচনে জাতীয় পার্টির মনোনয়নপত্র জমা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে জাতীয় পার্টির চেয়ারম্যান প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছে মোঃ নজরুল ইসলাম।

আজ শনিবার বিকেল ৩ টার সময় সদর উপজেলা রিটার্নিং কর্মকতা দোলন কান্তি চন্দ্রের কাছে মনোনয়নপত্র জমা দেয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হামিদ, আব্দুল মান্নান, মোহাম্মদ কুতুব উদ্দিন, ইকবাল হোসেন, মৌলিত হোসেন, এনামুল হক, খাকসিরুল ইসলাম সহ জাতীয় পার্টির অনান্য সদস্যরাও উপস্থিত ছিলেন।

গাংনীতে সহকারি শিক্ষক হামিদুল ইসলামের বিরুদ্ধে ছাত্রী নির্যাতনের অভিযোগ

গাংনীর শালদাহ এসএআরবি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক হামিদুল ইসলামের নির্যাতনে অসুস্থ্য জীবন যাপন করছে সুরাইয়া নামের এক স্কুল ছাত্রী। এক সহপাঠির ঠুনকো অভিযোগে ওই ছাত্রিকে উপর্যুপরি বেত্রাঘাত করেন শিক্ষক তারই বিদ্যালয়ের শিক্ষক হামিদুল ইসলাম। চার মাসের বেশি সময় পার হলেও চিকিৎসা নিয়ে আজো সুস্থ্য হতে পারেনি সে। শিক্ষকের নির্যাতনের শিকার হয়ে অসুস্থ্য মেয়েকে নিয়ে বিভিন্ন চিকিৎসকের কাছে চিকিৎসা নিয়ে স্বর্বশান্ত তার পরিবার। উন্নত চিকিৎসার জন্য প্রয়োজন অনেক টাকা।

স্কুল ছাত্রী সুরাইয়া মেহেরপুরের গাংনী উপজেলার শালদহ গ্রামের দিনমজুর হাফিজুল ইসলামের মেয়ে ও এসএআরবি মাধ্যমিক বিদ্যালয়ের

সপ্তম শ্রেণির ছাত্রী। সুরাইয়ার সহপাঠিরা শ্রেনী পরিবর্তন করে অষ্টম শ্রেনীতে উঠলেও তার লেখাপড়ার পর্বটিও যেন চুকে গেছে চারমাস আগে।

সুরাইয়ার অভিযোগ, মাস পাঁচেক আগে বিদ্যালয়ের মীম নামের এক ছাত্রী সুরাইয়ার বিরুদ্ধে অভিযোগ করে শিক্ষক হামিদুলের কাছে। কোন কিছু না শুনেই সহকারি শিক্ষক হামিদুল ইসলাম সুরাইয়াকে বেধড়ক বেত্রঘাত করেন। মেরুদণ্ডে আঘাত পেয়ে সুরাইয়া মাটিতে লুটিয়ে পড়ে আর্তনাদ করলেও শোনেননি শিক্ষক হামিদুল। পরে প্রধান শিক্ষকসহ অন্যান্যরা সুরাইয়া কিছুটা সুস্থ করে বাড়িতে পাঠানোর ব্যবস্থা করেন। পরদিন মেরুদণ্ডের ব্যথা বাড়তে থাকায় তাকে নেওয়া হয় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। কয়েকদিন চিকিৎসা নেয়ার পর তার শারীরিক অবস্থার কোন উন্নতি না হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে রাজশাহী অথবা ঢাকায় নেওয়ার পরামর্শ দেন চিকিৎসকরা।

দিনমজুর পিতা বাড়ির গরু ছাগল বিক্রি করে সুরাইয়াকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেন। নিউরো মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ এম. আহম্মদ আলী সুরাইয়ার আঘাতের স্থানের কয়েকটি পরীক্ষা করান। পরীক্ষায় উঠে আসে আঘাতের কারণে সুরাইয়ার মেরুদণ্ডের প্রধান শিরায় ক্ষত ও ক্ষতিগ্রস্ত হয়। যার চিকিৎসা ব্যয় বহুল বলে জানতে পারে সুরাইয়ার পরিবার। বিষয়টি জানানো হয় শিক্ষক হামিদুল ইসলামকে। তিনি দুঃখ প্রকাশ করেন ও চিকিৎসার সমস্ত ব্যয়ভার বহনের প্রতিশ্রুতি দিয়ে বিষয়টি চেপে যেতে বলেন। কিন্তু অদ্যাবদি চিকিৎসার কোন খোঁজখবর নেননি ওই শিক্ষক। বরং এখন তিনি বিভিন্ন নেতা ধরে উল্টো অপবাদ অভিযোগসহ নানা ধরনের হুমকি দিচ্ছেন।

সুরাইয়ার পিতা হাফিজুল ইসলাম জানান, রাজশাহীতে দীর্ঘদিন চিকিৎসা করাতে হবে বলে চিকিৎসক তাকে জানিয়েছেন। ব্যবস্থাপত্র অনুযায়ী প্রতিদিন অনেক টাকার ওষুধ লাগছে। যা কেনা তার পক্ষে সম্ভব নয়। আত্মীয় স্বজনদের কাছ থেকে ধারদেনা করে চলছে। উন্নত চিকিৎসার জন্য কয়েক লাখ টাকার প্রয়োজন। এমন কোন সম্পদ নেই যা বিক্রি করে মেয়ের চিকিৎসা করাবেন। তিনি আরো জানান, শিক্ষক যেভাবে মারধর করেছেন তা কোন শাসনের মধ্যে পড়ে না। এটি অবশ্যই নির্যাতন। ওই শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

সুরাইয়ার মামা রফিকুল ইসলাম জানান, একজন ছাত্রীকে বেধড়ক মেেও যখম কেও চিকিৎসার ব্যবস্থঅ না কেও শিক্ষকরা উল্টো বদনাম চাপাচ্ছে

আমার ভাগ্নের নামে। আমি ওই শিক্ষকের বিচার চাই। না হলে ওই শিক্ষকের ভয়ে অনেকেই স্কুলে যেতে চাইবেনা।

এদিকে সরজমিনে তথ্যনুসন্ধানে গেলে, ঘটনার আংশিক সত্যতা স্বীকার করেন বিদ্যালয়ের শিক্ষকরা। ছাত্রীকে বেত্রাঘাতের বিষয়টি স্বীকার করে তবে উপর্যুপরি নয়, বাঁশের চিকন কঞ্চি দিয়ে মারধর করা হয়েছে বলে অকপটে স্বীকার করেন। সেই সাথে চিকিৎসার কিছু অর্থ দেয়া হয়েছে বলে দাবী করেন তিনি। কি কারণে এমন আঘাত করা হয়েছে ? এমন প্রশ্নের কোন জবাব না দিয়ে বিদ্যালয় সভাতির সাথে যোগাযোগের কথা বলেন।

বিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী নাম প্রকাশ না করার শর্তে জানান, শিক্ষক হামিদুল বদ মেজাজী এবং সব সময় শিক্ষার্থীদেরকে নানা কারণে নানা অজুহাতে মারধর করে। লেখাপড়া ঠিকমতো করান না আবার পড়ালেখা বুঝতে না পারলেও বুঝিয়ে দেন না। কেউ ভয়ে কথা বলে না।

এ বিষয়ে এসএআরবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এনামুল ইসলাম জানান, সুরাইয়াকে মারধর করার ঘটনাটির সময় তিনি ছিলেন না। তবে শিক্ষক হামিদুল ইসলাম তাকে মারধর করেছেন এটা তিনি শুনেছেন এবং ওই ছাত্রীকে চিকিৎসার কিছুটা ব্যবস্থা করেছেন বলেও দাবী করেছেন তিনি।

বিদ্যালয় পরিচালনাা পর্যদের সভাপতি রাইপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু জানান, ঘটনাটি তিনি শুনেছেন। তবে মারধরের পরিমান এতো বেশি বা তার করুন অবস্থা সম্পর্কে জানতেন না। ঘটনাটি জানার পর বিষয়টি নিরসনের চেষ্টা করা হচ্ছে বলেও জানান এই চেয়ারম্যান।

বিষয়টি অবগত করা হলে গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) রনী খাতুন বলেন, এ বিষয়ে কেউ লিখিত অভিযোগ করেনি। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে দৈনিক জবাবদিহি পত্রিকার ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ইতিহাস ও ঐতিহ্যের স্মৃতি গাঁথা বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগরে দিনব্যাপী নানা আয়োজনের মধ্যদিয়ে দৈনিক জবাবদিহি পত্রিকার ৬ষ্ঠ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শুক্রবার সকাল থেকেই দিনব্যাপী নানা আয়োজনে মুজিবনগর অডিটোরিয়ামে ৬ষ্ঠ তম বর্ষপূর্তি উদযাপন করা হয়। দৈনিক জবাবদিহি’র সারাদেশের সকল প্রতিনিধি ও দেশের বিভিন্ন খ্যাতনামা পত্রিকার সম্পাদক ও প্রকাশকদের নিয়ে এ অনুষ্ঠান।

মুজিবনগর পর্যটন মোটেলে অতিথিদের আপ্যায়নের জন্য বসানো হয় পিঠাপুলি ও বিভিন্ন আইটেমের খাবারের স্টল। পরে সেখানে মধ্যাহ্নভোজ শেষে অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।
আলোচনা সভায় জবাবদিহি পত্রিকার প্রকাশক ও সম্পাদক আক্তার হোসেন রিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দৈনিক জবাবদিহি পত্রিকার নির্বাহী সম্পাদক তৌহিদুল রহমান, বাংলাদেশ প্রতিদিন পত্রিকার জিএম বেলাল হোসেন মন্টু, বাংলাদেশ হকার্স বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি আব্দুল মান্নান, বাংলাদেশ ক্রাইম রিপোর্টার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আল মামুন খুলনা মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সভাপতি আবু তাহের।

আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ-উদ-দৌলা রেজাসহ জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দরা।

আলোচনা সভা শেষে দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক ও প্রকাশক আক্তার হোসেন রিন্টুর ১৩৮ বছরের নির্মম হত্যার শিকার

রাষ্ট্রনায়কদের নিষ্ঠুর ইতিহাস বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

আমঝুপি খোকসা হাট বায়তুল আরকান জামে মসজিদের নতুন ভবনের কাজ উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নে এক নম্বর ওয়ার্ড খোকসা গ্রামের হাট বায়তুল আরকাম জামে মসজিদের নতুন ভবনের কাজ উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার সকাল ৭ ঘটিকার সময় নতুন ভবন উদ্বোধনীয় করেন প্রধান অতিথি হিসেবে ছিলেন খোকসা গ্রামের মেম্বার হাফিজুর রহমান হাফিজ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবক সোলেমান খাঁ, সাবেক ইমাম আব্দুর রশিদ, সমাজসেবক হানিফ শেখ, সমাজসেবক গোলাম রহমান, সমাজসেবক নাসির শেখ, শ্যামপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাওলানা ইয়াসিন আলী, খোকসা কেন্দ্র জামে মসজিদের ইমাম খালেদ সাইফুল আপেল, খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মোয়াজ্জেম হোসেন ইভান, খোকসা হাট বায়তুল আরকান জামে মসজিদের সভাপতি আব্দুল ওহাব, সহ সভাপতি ইউনুছ আলী, সেক্রেটারী আছিরুল ইসলাম,ক্যাশিয়ার কামিরুল ইসলাম, খোকসা হাট বায়তুল আরকান জামে মসজিদের ইমাম হাফেজ রোকনুজ্জামান, রবিউল ইসলাম, বদো, আফাইদুল, আনিসুর, সিজান প্রমূখ্য।

মেহেরপুরের সেতু টেলিকমের

কর্মচারি সাভারে গ্রেফতার

মেহেরপুরের সেতু টেলিকম এর ৬ লক্ষ টাকা আত্মসাৎ কারি কর্মচারি মোঃ খাইরুল ইসলামকে ঢাকা সাভার থেকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১১টার সময় তাকে গ্রেফতার করে সাভার থানা পুলিশ। গ্রেফতারকৃত খাইরুল মেহেরপুর শহরের ফৌজদারি পাড়ার মৃত বদর উদ্দিনের ছেলে।

জানা যায়, ১৪ ফেব্রুয়ারি সেতু টেলিকমের বিকাশ, নগদ, রকেট ও উপায় থেকে ব্যবসার মাধ্যমে অর্জিত ৬ লক্ষ টাকা আত্মসাৎ করে পালিয়ে যায়।

ঐ ঘটনায় দোকানের মালিক মোঃ ফজলুল হক বাবু বাদি হয়ে ১৫ ফেব্রুয়ারী মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন যার নং ১৯।

এঘটনায় পুলিশ অভিযান চালিয়ে সাভার বাসস্ট্যান্ড এলাকা থেকে অভিযুক্ত খাইরুলকে গ্রেফতার করে। এ সময় তার নিকট থেকে নগদ ২৭ হাজার ৫শ’ টাকা ও বিভন্ন লোড দেওয়া ব্যবহৃত ৪টি মোবাইল ফোন উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার ওসি মোঃ রফিকুল ইসলাম বলেন, গ্রেফতারকৃত খাইরুলকে আদালতে প্রেরণ করা হয়।

বর্তমান সরকার কৃষিতে বিপ্লব ঘটিয়েছে –জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, ২০০১ থেকে ২০০৬ সালে বিঘাপ্রতি থেকে ৭ মনের বেশি ধান পাওয়া যেতনা। আজকে উন্নত বিজের মাধ্যমে ৩০ মন পর্যন্ত ধান পাওয়া যাচ্ছে। আজ গ্রাম শহরে পরিণত হয়েছে। গ্রামে বসেই মানুষ শহরের সকল সুবিধা পাচ্ছে।

যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের কারণে কৃষি ফসল মাঠ থেকে ট্রাকে করে দেশের বিভিন্ন স্থানে পাঠানো যায়। এর ফলে কৃষিতে ব্যাপক বিপ্লব ঘটেছে।

বৃহস্পতিবার বিকালে আমঝুপি বালক সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আমঝুপি ইউনিয়ন কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে এ কথা বলেন।

ফরহাদ হোসেন বলেন, আজ সারা বাংলাদেশে পরিবর্তন ঘটে গেছে। ২০০৮ সালের আগে দেশে সারের যে অব্যবস্থাপনা ছিলো। কৃষকরা ঠিক মত সার পাচ্ছিলেন না, ৬০ টাকা কেজি ইউরিয়া সার কিনেছেন। এমওপি পাওয়া যাচ্ছিলো না। ৯০ টাকা কেজি দরে এমওপি কিনতে হতো। ২০০৮ সালের ২৯ ডিসেম্বরের নির্বাচনের মধ্যে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান বাংলাদেশ কৃষিতে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রে পরিণত হয়েছে। আওয়ামী লীগ সরকার কৃষি বান্ধব সরকার।

আমঝুপি ইউনিয়ন কৃষক লীগের আহ্বায়ক মাহবুবুল হকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহবুব আলম শান্তি, সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক এ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক ও বাড়াদী ইউনিয়নের চেয়ারম্যান মোমিনুল ইসলাম।

সম্মেলনে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

সম্মেলন শেষে মুক্তিযোদ্ধা মাহবুবুল হককে সভাপতি এবং সাদ আলীকে সাধারণ সম্পাদক করে আমঝুপি ইউনিয়ন কৃষক লীগের কমিটি ঘোষণা করা হয়।

মুজিবনগরে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে দিনব্যাপী উপজেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও কাবিং) ২০২৩ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীতের তালে তালে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস জাতীয় পতাকা এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো:আলাউদ্দীন ক্রীড়া পতাকা উত্তোলন করেন।

পতাকা উত্তোলন শেষে দিনব্যাপী প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দীন,উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের প্রধানগণ ও অন্যান্য শিক্ষক,শিক্ষিকা মন্ডলী।

প্রতিযোগিতায় অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক প্রতিযোগিতায় নৃত্য, সংগীত, হাতের লেখা, মুক্তিযুদ্ধ ভিত্তিক অভিনয়সহ বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলার ৩৮ টি প্রাথমিক বিদ্যালয় থেকে ৫৪ টি ইভেন্টে ৮০ জন শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।
প্রতিযোগিতা শেষে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে কার বিতরণ করা হয়।

মেহেরপুরে ঢাকা পোষ্টের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

সত্য ও বস্তুনিষ্ঠতা আছে বলেই এতো এতো সংবাদ মাধ্যমের মধ্যে ঢাকা পোষ্ট অল্প বয়সের হলেও মানুষের মাঝে আস্থার গণমাধ্যম হিসেবে পরিচিতি পেয়েছে। দেশ ও জাতির কল্যাণে কাজ করে বলেই ঢাকা পোষ্ট বিভিন্ন পুরুস্কার অর্জন করেছে। আর এই তথ্য প্রযুক্তি ও প্রতিযোগাীতায় টিকে থাকা সম্ভব হয়েছে যারা সম্পাদকীয়তার দায়িত্বে রয়েছেন তাদের সৃষ্টিশীল চিন্তাভাবনা ও দায়িত্বের জায়গা থেকে অনড় অবস্থান। ঢাকা পোষ্টকে এগিয়ে নিয়ে যাচ্ছে দক্ষ দায়িত্বশীল ব্যাক্তিরা। ঢাকা পোষ্টের মাধ্যেমে বাংলাদশের প্রথম রাজধানী আমাদের ঐতিহাসিক মেহেরপুরকেও বিশ্বদরবারে তুলে ধরার সুযোগ হয়েছে। এসব কথা বলেছেন মেহেরপুর সরকারি মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম।

আজ বৃহস্পতিবার (১৬ ফেব্রুয়ারী) বিকেল সাড়ে তিনটার সময় মেহেরপুর জেলা প্রেসক্লাব মিলনায়তনে ঢাকা পোষ্টের দ্বিতীয় বর্ষপুর্তীর আলোচনা সভা অনুষ্ঠানে অতিথিরা তাদের বক্তব্যে ঢাকা পোষ্টের নির্ভরযোগ্য সংবাদ ও প্রতিষ্ঠানের আরও সাফল্য কামনা করে এসব কথা বলেন।

ঢাকা পোষ্টের মেহেরপুর প্রতিনিধি আকতারুজ্জামানের সভাপতিত্বে এবং মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন আব্দুল মালেক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম,সরকারি ডিগ্রী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমীন ধুমকেতু, দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, সাংস্কৃতিক ব্যাক্তিত্ব শামীম জাহাঙ্গীর সেন্টু, গাংনী প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, ও বাংলাদেশ সংবাদ সংস্থা(বাসস)এর প্রতিনিধি দিলরুবা ইয়াসমিন।

আলোচনা সভা শেষে কেক কাটা ও শোভা যাত্রার মাধ্যমে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। ঢাকা পোষ্টের প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে মেহেরপুরের বিভিন্ন গণ মাধ্যমে কর্মরত সাংবাদিক ও নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ গ্রহন করেন।

মুজিবনগরে ভোরের কাগজের ৩১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুর মুজিবনগরে বাংলাদেশের বহুল প্রচারিত পত্রিকা দৈনিক ভোরের কাগজের ৩১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

মুজিবনগর উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর উপজেলার নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য দেন ভোরের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হোসেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, বাগোয়ান ইউনিয়ন ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, বাগোয়ান ইউপি ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, বাগোয়ান ইউনিয়ন ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহীর উদ্দীন, যুবলীগ নেতা হাসানুজ্জামান লাল্টু, সাংবাদিক আব্দুস সালাম, সোহাগ মন্ডল, শাকিল রেজা, তুহিন আলী, জাহিদ হোসেন ফিরোজুর রহমান,উজ্বল হোসেন, মওলাদ হোসেন,আব্দুল খালেক সহ মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সকল সদস্য।

মেহেরপুরে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত

মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুলের ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের নিয়ে অরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১টার সময় মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন ডাক্তার জওয়াহেরুল আনাম সিদ্দিকী এর সভাপতিত্বে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, চ্যানেল ২৪ এর সাংবাদিক রাশেদুজ্জামান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মুমিন ।

মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডাক্তার মোঃ ইনজামুল হক মূল প্রবন্ধ উপস্থাপন করেন।
সিভিল সার্জন ডাক্তার জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন আগামী ২০ ফেব্রুয়ারি সারাদেশের ন্যায় মেহেরপুর জেলাতেও ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

মেহেরপুর জেলায় ৬ থেকে ১১ মাস বয়সী ৮৫৪১ জন শিশুকে নীল রঙের ক্যাপসুল এবং ১২ মাস থেকে ৫৯ মাস বয়সী ৬১ হাজার ৯৭৮ জন শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে।

তিনি আরো বলেন জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানোর ফলে শিশুদের রাতকানা রোগ এবং ভিটামিনের ঘাটতি পূরণে যথেষ্ট ভূমিকা পালন করে যে কারণে প্রতিবছর দুইবার ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হয়।

মেহেরপুর জেলার প্রায় ৪০ জন সাংবাদিক ওয়ারেন্টেশন সভায় অংশগ্রহণ করে।